



পশ্চিমবঙ্গ সরকার কৃষি বিভাগ

নিমকোটোড ইউরিয়া সারের ব্যবহার সম্বন্ধে কৃষকবন্ধুদের জন্য বিশেষ পরামর্শ :-

- * বর্তমানে কৃষিকার্যে ব্যবহারের জন্য যে ইউরিয়া সার পাওয়া যায় তার প্রায় ১০০ শতাংশই নিমকোটোড ইউরিয়া। তাই কৃষকবন্ধুরা ফসলের প্রয়োজনীয় ইউরিয়া নিমকোটোড ইউরিয়া হিসাবেই প্রয়োগ করছেন।
 - ** নিমকোটোড ইউরিয়া ধীরে ধীরে মাটিতে মেশে, বৃদ্ধি দশায় ফসল বেশি দিন ধরে নিতে পারে ও ব্যবহার করতে পারে।
 - *** নিমকোটোড ইউরিয়ার নাইট্রোজেন উবে নষ্ট হওয়ার প্রবণতা খুব কম। এইসব কারণে নিমকোটোড ইউরিয়ার কার্যকারিতা সাধারণ ইউরিয়ার চেয়ে বেশি।
 - **** তাই এই সার ৫-১০% পর্যন্ত কম ব্যবহার করলেও ফসলের প্রয়োজনীয় নাইট্রোজেন খাদ্য যোগানের কোনো ঘাটতি হয় না এবং আশাপ্রদ ফলনও পাওয়া যায়। সেইজন্য ফসলের প্রয়োজনীয় ইউরিয়া সারের ব্যবহারের পরিমাণ কমপক্ষে ৫% কম করার জন্য কৃষকবন্ধুদের সুপারিশ করা হচ্ছে। এতে রাসায়নিক সার বাবদ খরচেরও কিছুটা সাশ্রয় হবে।
 - ***** নিমকোটোড ইউরিয়া মাটিতে থাকা ক্ষতিকারক নিমোটোডের আক্রমণ রোধ করে।
- উপকৃষি অধিকর্তা (সার), পশ্চিমবঙ্গ, কৃষি অধিকার, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত।